মেধা অন্বেষণের উর্বর ভূমি

# রহমতে আলম মিশন (উঃমাঃ)

পঞ্চম থেকে দ্বাদশ শ্রেনি পর্যন্ত (বালক ও বালিকা বিভাগ)

## ২০২২

## পায়ে পায়ে ১৮






ইসলামী ভাবাদর্শে রাজ্যের প্রথম সারির আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান



আসরাফুল হক (৬৮০)

মাধ্যমিকে (২০২০) রাজ্যে
১৩ তম স্থানাধিকারী

## আমাদের সাফল্য



উচ্চমাধ্যমিকে (২০২০)রাজ্যে
১৩ তম স্থানাধিকারী

মেহেরাবউদ্দিন মন্ডল (৪৮৭)



সর্বভারতীয় নিট (মেডিকেল এন্ট্রান্স)২০২১ পরীক্ষায় ৬৪৭ নম্বর পাওয়া সেখ ইমরানকে সম্বর্ধনা দিচ্ছেন মিশন সম্পাদক আনিসুর রহমান ।



# সম্পাদকীয়

আস্‌সালামু আলাইকুম,

সমস্ত প্রশংসা পরম করুণাময় মহান আল্লাহ পাকের যিনি আমাদের সৃষ্টি করেছেন। অতঃপর বিশ্ব নবী হজরত মোহাম্মদ (সঃ) প্রতি শান্তি ও রহমত বর্ষিত হোক যিনি বিশ্ব জাহানের রহমত হিসাবে প্রেরিত হয়েছিলেন।

আজ মানুষ বড়ো অসহায়। সমগ্র বিশ্ব মারণ ভাইরাস কোভিড-১৯ (করোনা ভাইরাস) -এর বিষাক্ত শ্বাসে জর্জরিত। বাতাসে ভাসে মানুষের ক্রন্দন রোল। কাজ গেছে হারিয়ে। নেই মুখে ভাত দেওয়ার সম্বল। চোখে তার বাঁচার তৃষা। লকডাউন, সোসাল ডিসটেন্স, মাস্ক, স্যানিটাইজারের শব্দবন্ধে মানুষ আজ আবৃত। এই আবরণকে ছিন্ন করার মন্ত্র নেই তার জানা। ভেঙে গেছে শান্তির সুখের নীড়। থমকে গেছে মানব জীবন। বিপর্যস্ত অর্থনীতি, শিক্ষালয় বন্ধ্যা অচল অসার। ছাত্র সমাজ দিক্‌ভ্রান্ত - যেন অসুস্থ্য পৃথিবী সুপ্ত সন্তান শিয়রে নিশাবসনের অপেক্ষায় রত। কে তাকে শোনাবে 'জীবন দিয়েও রোধ করব মরণের অভিযান'? রহমতে আলম মিশন। মেধা অন্বেষণের উর্বর ভূমি । মানুষের সাথে, মানুষের পাশে। এতদিন সরকারের সঙ্গে সহযোগিতা করে ভার্চুয়াল ক্লাসের মাধ্যমে বন্ধ্যা শিক্ষা ব্যবস্থাকে গতিশীল রাখতে ছিল বদ্ধ পরিকর। এবার সরকারের চিন্তা ভাবনাকে মান্যতা দিয়ে শিক্ষার অঙ্গনকে প্রানবন্ত করে তুলতে চাইছে আপনাদের সহযোগিতার হাত। যা আমাদের পাথেয়।

এক দিন মারণ ব্যধিতে আক্রান্ত পৃথিবী আবার শান্ত হবে । ফুলে ফলে রাঙিয়ে উঠবে ভুবন। শিশুরা মেতে উঠবে খেলায়, পাখিরা গেয়ে উঠবে গান, তাদের কলকাকলিতে ভরে উঠবে বাগান। ছাত্রছাত্রীর কলরবে স্কুল মুখরিত হবে। মানুষ কর্মে ব্যস্ত হবে।

রহমতে আলম মিশনের মনোরম পরিবেশ ছাত্রছাত্রীদের কাছে আবার খুলে যাবে। আপনারা নিশ্চয়ই অবগত আছেন মনোরম শিক্ষা পরিবেশে দুটি পৃথক ক্যাম্পাসে আবাসিক ছাত্রছাত্রীরা ইসলামিক আদব-কায়দা ও মূল্যবোধের সঙ্গে পঞ্চম থেকে দ্বাদশশ্রেনি পর্যন্ত পড়াশোনা করছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকেও বিগত বছর গুলির ন্যায় এবারও আমাদের শিক্ষা প্রতিষ্ঠান নজর কাড়া সাফল্য পেয়েছে।

পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষাদপ্তর ও পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ রহমতে আলম মিশনের বালক ও বালিকা বিভাগকে (পঞ্চম থেকে অষ্টম শ্রেনি) দিয়েছেন সহায়তাহীন শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি। পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু বিষয়ক দপ্তর ও দিয়েছে শর্তাধীন মাইনোরিটি স্টাটাস সার্টিফিকেট।

ক্যাম্পাসের ভিতরেই রয়েছে কোলকাতার স্বনামধন্য ও অভিজ্ঞ শিক্ষকমন্ডলীর তত্ত্বাবধানে জয়েন্ট এন্ট্রান্স কোচিং (মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং) সেন্টার 'রাহাত', রয়েছে আধুনিক সরঞ্জামে সু-সজ্জিত ফিজিক্স,কেমেষ্ট্রি ও বায়োলজির ল্যাবরেটরি। ইতিমধ্যে ১৫০জনের অধিক ছাত্রছাত্রী দেশ ও বিদেশের বিভিন্ন মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজে পাঠরত। সমসাময়িক কালের আমাদের ছাত্র সামিরুল ইসলাম বি.ডি.ও (সুকিয়া পোখরি ব্লক, দার্জিলিং জেলা) হিসাবে কর্মরত। ক্যাম্পাসের মধ্যে রয়েছে জেলার অন্যতম সুবৃহৎ লাইব্রেরি আলহাজ্ব তোয়াক্কেল হোসেন স্মৃতি পাঠাগার, রয়েছে হাফেজ-ক্বারি মাওলানা সাহেবদের তত্ত্বাবধানে আবাসিক শিক্ষার্থীদের নিয়ে হেফজ ও দ্বীনিয়াত বিভাগ।

অন্যদিকে জনাব মোস্তাক হোসেন সাহেবের মায়ের স্মৃতির উদ্দেশ্যে মনোরম দিলখুস বেগম স্মৃতি উদ্যান যেমন ক্যাম্পাসের শোভাবর্ধন করে চলেছে তেমন ছাত্রছাত্রীদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য বিকাশে খুব-ই সহায়ক ভূমিকা পালন করে চলেছে।

আমি কৃতজ্ঞ মিশনের প্রতিষ্ঠাতা সম্পাদক আমার আব্বা মরহুম আলহাজ্ব সিরাজুল ইসলামের প্রতি। তার নিরলস প্রচেষ্ঠা, শ্রম ও আত্মত্যাগে আজ এই মিশন মহিরুহ রূপে পরিনত হয়েছে। তার দেখানো পথেই আমাদের পথচলা । আর সেই পথে চলতে আমি পাশে পেয়েছি সুদক্ষ ম্যানেজিং কমিটির সদস্যদের, ট্রাষ্টের সদস্যদের এবং একদল অভিজ্ঞ ও উৎসর্গীকৃত শিক্ষক ও শিক্ষিকা মন্ডলী, প্রশাসনের প্রতিনিধি, জনপ্রতিনিধি, ছাত্র-ছাত্রীদের অভিভাবক-অভিভাবিকা মন্ডলী, শুভাকাঙ্খী, সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের আধিকারিকগণ সহ অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিনিধিদের; যাদের সাহায্য, সহযোগিতা ও দোয়া যা মিশনের সার্বিক উন্নয়নে সমান উল্লেখযোগ্য।

(আনিসুর রহমান)

সম্পাদক, রহমতে আলম মিশন

# মিশনের মূল লক্ষ্যঃ


- ছাত্র-ছাত্রীদের ইসলামিক ভাবাদর্শের মধ্যে আদর্শ মানুষ হিসাবে প্রতিষ্ঠিত করা।
- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে সর্বোত্তম ফলাফলের ব্যবস্থা।
- উচ্চমাধ্যমিকের পর জয়েন্ট এন্ট্রান্সে মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং উভয় বিভাগে কোচিং-এর ব্যবস্থা।
- পিছিয়েপড়া বর্গ সহ সমগ্র মানব সমাজের কল্যানে ছাত্রাবস্থায় সেবামূলক কর্মে উৎসাহিত করা।
- সমাজসেবা, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান করতে উৎসাহিত করা।

# বিশেষত্বঃ

- প্রাচীর ঘেরা সবুজ , শান্ত, স্নিগ্ধ ও নির্মল পরিবেশ, প্রশস্ত শ্রেণি কক্ষ, নিরাপদ সুরক্ষিত ক্যাম্পাস, পরিচ্ছন্ন ও মার্জিত থাকার ব্যবস্থা, বিশুদ্ধ পানীয়জল।
- সভা, প্রশিক্ষণ ও অন্যান্য অনুষ্ঠানের জন্যে সুসজ্জিত সেমিনার হল।
- আধুনিক যুগোপযোগী করে তোলার জন্য কম্পিউটার প্রশিক্ষণ ও ইংরাজীতে সাবলীল ভাবে কথা বলার প্রশিক্ষণ।
- জেলার অন্যতম সুবৃহৎ পাঠাগারের জ্ঞানভান্ডারে ছাত্র-ছাত্রীদের সমৃদ্ধ হওয়ার সুযোগ।
- সাম্মানিক স্নাতক পর্যায়ে গনিত, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা,ইংরেজি ও আরবি বিষয়ে পড়তে ইচ্ছুক মিশনের ছাত্র-ছাত্রীদের সরকারি কলেজে ভর্তি ও থাকা-খাওয়ার সুব্যবস্থা।
- দ্বীনি শিক্ষাসহ পঃবঃ মধ্যশিক্ষা পর্ষদ ও উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের পাঠক্রম অনুযায়ী পঠনপাঠন।
- প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক- শিক্ষিকামন্ডলী দ্বারা শিক্ষাদান। ইংরাজি ও গণিত সহ বিজ্ঞান বিষয়ে বিশেষ গুরুত্ব।
- বিশুদ্ধ উচ্চারণে পবিত্র কোরআন পাঠ ও ইসলামের মৌলিক শিক্ষাদান। পাঁচ ওয়াক্ত নামাজ ও ইসলামী আদব-কায়দা।
- ধর্মীয়,মানবীয় মূল্যবোধ ও নৈতিক শিক্ষার মধ্য দিয়ে জ্ঞানচর্চায় সমৃদ্ধ করা
- টি.এল.এম-এর ব্যবস্থা।
- দুঃস্থ অথচ মেধাবী ছাত্রছাত্রীদের জন্যে জি.ডি. স্কলারশিপের ব্যবস্থা।
- ছাত্র-ছাত্রীদের প্রতিমাসে পড়াশোনা ও উন্নত ভবিষ্যৎ গঠনের লক্ষ্যে 'কাউন্সেলিং ও মটিভেশান'-এর ব্যবস্থা।



ক্যামেরা



সি.সি. টি.ভির মাধ্যমে ক্যাম্পাস ও ক্লাস রুম মনিটরিং



সার্ভার

১০০টি ক্যামেরার মাধ্যমে সমস্ত মিশন ক্যাম্পাস এবং ক্লাশরুমে মনিটরিং-এর ব্যবস্থা। পড়াশুনা এবং আচরনের প্রতি কঠোর নজরদারির ব্যবস্থা। আপনার সন্তানকে সুনাগরিক হিসাবে গড়ে তোলাই আমাদের লক্ষ্য।

# আগামী দিনের পরিকল্পনাঃ

- ডব্লু.বি.সি.এস. সহ অন্যান্য সরকারী চাকুরীর বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার উপযোগী করে তোলার জন্য কোচিং।
- প্রথাগত শিক্ষার পাশাপাশি ইচ্ছুক ছাত্রছাত্রীদের মিশন ক্যাম্পাসের মধ্যেই বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণের (ভোকেশনাল ট্রেনিং) এর ব্যবস্থা। ■ মিশন পরিচালিত ইংলিশ মিডিয়াম স্কুল J.S. INTERNATIONAL SCHOOL & MASUM-এর ডে বোর্ডিং-এর ব্যবস্থা। ■ কোলকাতায় মিশনের একটি সিটি অফিসের সূচনা করা।

# আমাদের পরিষেবাঃ



প্রাচীর ঘেরা সবুজ, শান্ত, স্নিগ্ধ ও নির্মল পরিবেশ



বিশুদ্ধ পানীয় জলের প্রকল্প



কম্পিউটার প্রশিক্ষণ



অ্যাম্বুলেন্স পরিষেবা



পাঠাগার




করোনা আবহে ভার্চুয়াল ক্লাসের মাধ্যমে শিক্ষাদান



নামাজ ঘর



শরীর চর্চা ও খেলাধুলা



কেমেষ্ট্রি ল্যাব



বায়োলজি ল্যাব


পুলিশ অফিসার
ডাক্তার
ইঞ্জিনিয়ার
সাহিত্যিক
খেলোয়াড়
সাংবাদিক
নার্স
সমাজসেবী
উদ্যোগী
টেকনিশিয়ান
পেশাদার
গবেষক
বি.ডি.ও
চিকিৎসক
অধ্যাপক
শিক্ষক
ট্যাক্স অফিসার
আর্মি অফিসার
১৮ বছরের পদার্পণে মিশনের প্রাক্তন কৃতি ছাত্র-ছাত্রীরা কম বেশী ১৮ টি বিভিন্ন সেক্টরে কর্মরত।

## জাতিকে উপহার


হাফেজ বিভাগ
দ্বীন শিক্ষা(আবাসিক)
হেফজ বিভাগ ও দ্বীনিয়াত কোর্স
J.S. INTERNATIONAL SCHOOL
ENGLISH MIDUAM SCHOOL
CLASS : VI-VIII
MASUM
ইসলামিক শিষ্টাচারের সঙ্গে ইংরাজী মাধ্যমে সর্বাধুনিক শিক্ষা
নার্সারি থেকে স্ট্যান্ডার্ড ফাইভ পর্যন্ত
RAHAT
NEETএর জন্য সর্বভারতীয় মানের কোচিং সেন্টার
রহমতে আলম মিশন
বালক বিভাগ (আবাসিক)
পঞ্চম থেকে দ্বাদশ শ্রেনি পর্যন্ত
রহমতে আলম মিশন
বালিকা বিভাগ (আবাসিক)
পঞ্চম থেকে দ্বাদশ শ্রেনি পর্যন্ত
রহমতে আলম এডুকেশনাল এন্ড ওয়েল ফেয়ার ট্রাস্ট

## এক নজরে মাধ্যমিক ফলাফল

| সাল | পরীক্ষার্থী | উত্তীর্ণ | প্রথম বিভাগ | স্টার | ৯০% | সর্বোচ্চ নম্বর |
|---|---|---|---|---|---|---|
| ২০২০ | ১৫০ | ১৫০ | ১৪৬ | ১০০ | ২৬ | ৬৮০(৯৭.১%) |
| ২০২১ | ১৫৫ | ১৫৫ | ১৫৫ | ১৫৫ | ৯২ | ৬৯৩(৯৯%) |

## এক নজরে উচ্চমাধ্যমিক ফলাফল

| সাল | পরীক্ষার্থী | উত্তীর্ণ | প্রথম বিভাগ | স্টার | ৯০% | সর্বোচ্চ নম্বর |
|---|---|---|---|---|---|---|
| ২০২০ | ১৯৮ | ১৯৮ | ১৯৬ | ১৯০ | ৬৪ | ৪৮৭(৯৭.৪%) |
| ২০২১ | ১৯৫ | ১৯৫ | ১৯৫ | ১৯২ | ৩৭ | ৪৭২(৯৪.৪%) |

RAHAT

**150** জনেরও অধিক ছাত্রছাত্রী বিভিন্ন মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজে পাঠরত

সর্বভারতীয় মানের কোচিং সেন্টার

NEET

উন্নত ও আধুনিক পরিকাঠামো, আবাসিক কোচিং, কোলকাতার স্বনামধন্য শিক্ষকমন্ডলী, আধুনিক লাইব্রেরী ও ল্যাবরেটরি এবং নিয়মিত মক টেষ্ট

অতিমারিতে অনলাইনেও অসাধারণ



# NEET-2021-এর কিছু সফল ছাত্র-ছাত্রী

(মোট পরীক্ষার্থীর সংখ্যা মাত্র ৩০ জন)



SEKH IMRAN
MARKS 647 AIR 4557



MAFUJ H. MOLLICK
MARKS 588 AIR 24615



MOHABBAT H. MOLLICK
MARKS 577 AIR 29845



SABANA KHATUN
MARKS 575 AIR 30883



SAHIL SAMRAT
MARKS 573 AIR 32125



AZAHAR SK
MARKS 560 AIR 40037



SAMIUL HOQUE
MARKS 551 AIR 45629



MD RAJNUR ISLAM
MARKS 547 AIR 48617



SK KAIF AZMI
MARKS 541 AIR 52580



ASIF LASKAR
MARKS 538 AIR- 54977

## হোস্টেল চার্জ - ২০২২

| | |
|---|---|
| পঞ্চম ও ষষ্ঠ শ্রেণি | ৩২৭০ টাকা |
| সপ্তম ও অষ্টম শ্রেণি | ৩৩৭০ টাকা |
| নবম ও দশম শ্রেণি | ৩৪৭০ টাকা |

| | |
|---|---|
| একাদশ ও দ্বাদশ শ্রেণি (আর্টস) | ৪০৭০ টাকা |
| একাদশ ও দ্বাদশ শ্রেণি (সাইন্স) | ৪৫৭০ টাকা |
| * রাহাত কোচিং (NEET,WBJEE & JENPAUH) | ৪৫৭০ টাকা |



রাজ্যের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার দপ্তরের মন্ত্রী সিদ্দিকুল্লাহ চৌধুরীর সঙ্গে একান্ত আলাপচারিতায় মিশন সম্পাদক আনিসুর রহমান ।



বিশ্বশান্তি ও অহিংসা দিবসের বার্তা দিতে মিশনে উপস্থিত বিশিষ্ঠ গুনিজনেরা.............



বিশিষ্ঠ শিল্পপতি আলিফ নুর এবং মিশন সম্পাদক অনিসুর রহমানকে মিশন ছাত্রের আঁকা মিশনের প্রতিষ্ঠিতা সম্পাদক আলহাজ্ব মরহুম সিরাজুল ইসলামের ছবি উপহার হিসাবে তুলে দিচ্ছে।




মিশনের টিচার্স ট্রেনিং পোগ্রামের একটি বিশেষ মুহূর্তে বি.এড. কলেজের . প্রিন্সিপাল ডঃ মোসারেফ হেসেন, মিশন সম্পাদক অনিসুর রহমান এবং বিশিষ্ঠজনেরা।



সেমিনার হলে ছাত্র-ছাত্রীদের নিয়ে মোটিভেশন ক্লাস ও কেরিয়ার গাইড এর পরামর্শ চলছে।



ছাত্র-ছাত্রীদের ডিজিটাল বোর্ডের মাধ্যমে পাঠদান করা হচ্ছে।



রাজ্যসভার সাংসদ আহমেদ হাসান ইমরান মহাশয়কে শিক্ষা দরদী পুরস্কার প্রদান করছেন রহমতে আলম মিশনের সম্পাদক আনিসুর রহমান সহ ম্যানেজিং কমিটির সদস্য বৃন্দ।

# মিশন তারকাদের মধ্যে ক'য়েকজন কি বলছে ?



সামিরুল ইসলাম

আমি সামিরুল ইসলাম, রহমতে আলম মিশনের প্রাক্তন ছাত্র। ডব্লু.বি. সি.এস (এক্সি) এর পরীক্ষায় রাজ্যে ১৪তম র‍্যাঙ্ক করেছি। বর্তমানে দার্জিলিং জেলার সুখিয়া পোখরি ব্লকের বি.ডি.ও. হিসাবে কর্মরত। পিতা বিড়ি শ্রমিক হওয়ায় হয়ত এই চাকরিতে সুযোগ পাওয়া কোন দিন সম্ভব হতো না, যদি রহমতে আলম মিশন আমাকে সর্বোতভাবে সাহায্য না করতো। আমি রহমতে আলম মিশনের কাছে আন্তরিকভাবে কৃতজ্ঞ ও ঋণী।

**-সামিরুল ইসলাম**



মোছা. খাদিজাতুল কুবরা

আমি রহমতে আলম মিশনের বালিকা বিভাগ হতে প্রথম চিকিৎসক । মিশন থেকে উচ্চমাধ্যমিক সম্পূর্ণ করার পর জয়েন্ট এন্ট্রান্স কোচিং সেন্টার (RAHAT) থেকে কোচিং নিয়ে এম.বি.বি.এস. পড়ার সুযোগ পাই। তারপর মালদা মেডিকেল কলেজে এম.বি.বি.এস. সম্পূর্ণ করি। ভবিষ্যতে গাইনো নিয়ে এম.ডি.করতে চাই। জীবনে কঠোর পরিশ্রম করে পড়াশুনা করেছি কারণ বাবার আয়ের উৎস ছিল কেবলমাত্র ইমাম ভাতা। রহমতে অলম মিশনে প্রায় বিনা বেতনে পড়ার সুযোগ করে দেন মিশন প্রতিষ্ঠিতা সম্পাদক মরহুম আলহাজ্ব সিরাজুল ইসলাম সাহেব। আমি রহমতে আলম মিশনের কাছে চিরজীবন ঋনী হয়ে থাকবো।

**-মোছা.খাদিজাতুল কুবরা**



হামাদ মোল্লা

আমি রহমতে আলম মিশন থেকে নামমাত্র খরচে উচ্চমাধ্যমিক পাশ করার পর রাহাত (RAHAT) জয়েন্ট এন্ট্রান্স কোচিং সেন্টার থেকে কোচিং নিয়ে প্রথম বছরেই এম.বি.বি.এস পড়ার সুযোগ পাই। তারপর বর্ধমান মেডিকেল কলেজ থেকে এম.বি.বি.এস সম্পূর্ণ করি। বর্তমানে এখন NEET(PG)/MD করার জন্য ১৩০৩১ (AIR) র‍্যাঙ্ক করেছি। আমার মতো একজন প্রত্যন্ত গ্রামের ফেরিওয়ালার ছেলেকে যথাযোগ্য সাহায্য করেছে রহমতে আলম মিশন। আমি ভবিষ্যতে গরিবদের সেবা করতে চাই এবং রহমতে আলম মিশনের পাশে আন্তরিক ভাবে দাঁড়াতে চাই।

-হামাদ মোল্লা



রহমতে আলম মিশনের
বর্তমান পরিকাঠামো

# রহমতে আলম মিশন

মেধা অন্বেষণের উর্বর ভূমি

**পরিচালনায় ঃ রহমতে আলম এডুকেশনাল এন্ড ওয়েলফেয়ার ট্রাষ্ট**

শিক্ষা, সংস্কৃতি ও সমাজসেবী সংস্থা


বেড়াচাঁপা (কাউকেপাড়া), পোঃ-দেবালয়, থানা- দেগঙ্গা, উত্তর ২৪ পরগণা,পিন-৭৪৩৪২৪

9732686410, 9733815967,

Email: rahmatealam@gmail.com, Website: www.rahmat-e-alam.org


পথনির্দেশ- বাস ঃ বারাসাত থেকে বাদুড়িয়া/বসিরহাটগামী বাসে বেড়াচাঁপা। ট্রেনে ঃ শিয়ালদহ থেকে হাসনাবাদ/ বসিরহাট লোকালে হাড়োয়া স্টেশনে নেমে বাসে/অটো রিক্সায়/মোটর ভ্যানে অথবা টোটোয় বেড়াচাঁপা।